# এম.ফিল ও পিএইচ.ডি. প্রোগ্রাম

## শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০

# ভর্তি নির্দেশিকা


ড.ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
রংপুর-৫৪০৪
www.brur.ac.bd

# ড.ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট
# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
# BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

## এম.ফিল প্রোগ্রাম

১। বিষয়সমূহ এম.ফিল : বাংলা,ইংরেজি, ইতিহাস ও প্রত্নতত্ত্ব, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, গণযোগাযোগ ও সাংবাদিকতা, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ, লোকপ্রশাসন, পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান, ম্যানেজমেন্ট স্টাডিজ, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্, মার্কেটিং, ফাইন্যান্স এন্ড ব্যাংকিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, ভূগোল ও পরিবেশবিজ্ঞান এবং দুর্যোগ ব্যবস্থাপনা।

২। ভর্তির যোগ্যতা:

(ক) অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বা সম্পর্কিত বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি থাকতে হবে।

(খ) স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ৫০% নম্বরসহ ২য় শ্রেণি/সিজিপিএ ৩.০০ (৪ এর মধ্যে) থাকতে হবে।

(গ) এম.বি.বি.এস এবং বি-এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পর্যায়ে কমপক্ষে ৫০% নম্বর অথবা সিজিপিএ ৩.০০ (৪ এর মধ্যে) থাকতে হবে।

(ঘ) শিক্ষার্থীর কোন পর্যায়ে জিপিএ/সিজিপিএ ৩.০০-এর নিচে বা তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।

৩। ভর্তি প্রক্রিয়া:

উল্লিখিত শর্ত পূরণকারীগণকে নির্দিষ্ট তারিখের মধ্যে জনতা ব্যাংক লি: লালবাগ বাজার শাখায় =১,০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে ড. ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট থেকে এম.ফিল প্রথম বর্ষের ভর্তির নির্দিষ্ট আবেদনপত্র সংগ্রহ করে এবং তা যথাযথভাবে পূরণ করে ইনস্টিটিউট-এ জমা দিতে হবে। ভর্তির আবেদন ফরমের সাথে সকল পর্যায়ের পরীক্ষার সনদপত্র ও নম্বর পত্রের এক (০১) কপি করে সত্যায়িত অনুলিপি, দুই (০২) কপি পাসপোর্ট আকারের ছবি, আবেদন ফরম ক্রয়ের রশিদের ফটোকপি এবং দুই (০২) সেট গবেষণা প্রস্তাবনা জমা দিতে হবে। চাকুরিরত আবেদনকারীদের নিয়োগকর্তার/প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে ভর্তির আবেদন ফরম জমা দানের অনুমতিপত্র জমা দিতে হবে। গবেষণার শিরোনাম, প্রস্তাবিত তত্ত্বাবধায়ক (যদি থাকে) ও সহ-তত্ত্বাবধায়ক (যদি থাকে)-এর নাম, পদবী, মোবাইল নম্বর ও ই-মেইল ভর্তির আবেদন ফরমে উল্লেখ করতে হবে।

৪। মেয়াদ:

এম.ফিল প্রোগ্রামের মেয়াদ ২(দুই) বছর। এর মধ্যে ১ম বর্ষ কোর্স ওয়ার্ক। এম.ফিল প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ ০৩ (তিন) বছর। তবে ড. ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট-এর একাডেমিক কমিটি এবং বোর্ড অব স্টাডিজ-এর সুপারিশের ভিত্তিতে বোর্ড অব গভর্নরস ১ বছর করে সর্বোচ্চ ২(দুই) বছর রেজিস্ট্রেশনের মেয়াদ বাড়াতে পারবে।

৫। তত্ত্বীয় কোর্স ও পরীক্ষা:

পূর্ণকালীণ ও খণ্ডকালীন এম.ফিল গবেষকদের জন্য কোর্স ওয়ার্ক বাধ্যতামূলক। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের জন্যও কোর্স ওয়ার্ক বাধ্যতামূলক থাকবে।

৬। তত্ত্বাবধায়ক সংক্রান্ত নিয়মাবলী:

এ বিশ্ববিদ্যালয়ের কিংবা অন্য কোন সরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে সহকারী অধ্যাপক (পিএইচ.ডি. ডিগ্রিধারী), সহযোগী অধ্যাপক (পিএইচ.ডি. ডিগ্রিধারী) এবং অধ্যাপক পদমর্যাদার শিক্ষকদের তত্ত্বাবধায়ক বা সহ-তত্ত্বাবধায়ক হিসেবে নির্বাচন করা যাবে। তবে ইনস্টিটিউটের একাডেমিক কমিটি এবং বোর্ড অব স্টাডিজ-এর সুপারিশের ভিত্তিতে বোর্ড অব গভর্নরস এ ব্যাপারে পদক্ষেপ নিবে। যা একাডেমিক কাউন্সিলকে অবহিত করতে হবে এবং সিন্ডিকেট সভায় অনুমোদিত হতে হবে।

৭। পিএইচ.ডি. কোর্সে স্থানান্তর:

কোন গবেষক তাঁর এম.ফিল প্রোগ্রামকে পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তর করতে পারবেন যদি তার এম.ফিল প্রথম বর্ষের কোর্স ওয়ার্ক পরীক্ষায় জিপিএ ৩.৫ নম্বর এবং পিয়ার রিভিউড জার্নালে কমপক্ষে ২ (দুই)টি গবেষণা প্রবন্ধ থাকে। একই সঙ্গে গবেষণা তত্ত্বাবধায়ক-এর সন্তোষজনক অগ্রগতির সুপারিশক্রমে রেজিস্ট্রেশনের মেয়াদকালের মধ্যে আবেদন করতে হবে। তবে উল্লেখ থাকে যে, গবেষককে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির যোগ্যতার শর্তপূরণ করতে হবে এবং গবেষককে তত্ত্বাবধায়কের সুপারিশসহ পিএইচ.ডি.-এর গবেষণা প্রস্তাবনা জমা দিতে হবে এবং একটি সেমিনারে তা উপস্থাপন করতে হবে। পিএইচ.ডি.-তে স্থানান্তর একাডেমিক কমিটি ও বোর্ড অব স্টাডিজের সুপারিশক্রমে বোর্ড অব গভর্নরস চূড়ান্ত অনুমোদন দিবে। যা একাডেমিক কাউন্সিলকে অবহিত করতে হবে এবং সিন্ডিকেট সভায় চূড়ান্ত অনুমোদিত হতে হবে।

৮। ছুটি:

পূর্ণকালীন এম.ফিলের ক্ষেত্রে চাকুরিরত গবেষককে (প্রযোজ্য ক্ষেত্রে) নিয়োগকর্তার নিকট থেকে কমপক্ষে ১(এক) বছরের শিক্ষা ছুটি বা ডেপুটেশন নিয়ে এম.ফিল প্রোগ্রামে যোগদান করতে হবে। চাকুরিরত খণ্ডকালীন গবেষকদের ছুটি নেয়া আবশ্যক নয়, তবে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে অনুমতি নিয়ে এম.ফিল প্রোগ্রামে যোগদান করতে হবে। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের জন্য শিক্ষা ছুটি/ডেপুটেশন বাধ্যতামূলক নয়।

৯। **দ্বিতীয় বর্ষে ভর্তি:**

এম.ফিল ১ম বর্ষ উত্তীর্ণ গবেষকগণকে পরীক্ষার ফল প্রকাশের ১(এক) মাসের মধ্যে ২য় বর্ষে ভর্তি হতে হবে। ১ম বর্ষ পরীক্ষার ফলপ্রকাশের ১(এক) মাসের মধ্যে ভর্তি না হলে ২,০০০/-(দুই হাজার) টাকা বিলম্ব ফি প্রদান করে ভর্তি হওয়া যাবে।

১০। পুন:ভর্তি:

কোনো এম.ফিল গবেষক ১ম বর্ষ পরীক্ষায় প্রথম বারে উত্তীর্ণ হতে না পারলে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে অথবা কোর্স সমাপ্ত করতে না পারলে তত্ত্বাবধায়ক ও ইন্সটিটিউটের একাডেমিক কমিটি ও বোর্ড অব স্টাডিজের সুপারিশে এবং বোর্ড অব গভর্নরস এর অনুমোদনের ভিত্তিতে পরবর্তী শিক্ষাবর্ষে শুধু একবার পুন:ভর্তি হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এরপর আর পুন:ভর্তির সুযোগ থাকবে না।

১১। তত্ত্বাবধায়ক পরিবর্তন:

কোন গবেষক তাঁর তত্ত্বাবধায়ক পরিবর্তন করতে চাইলে ইনস্টিটিউট থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণপূর্বক ইনস্টিটিউটের একাডেমিক কমিটি এবং বোর্ড অব স্টাডিজ-এর সুপারিশের ভিত্তিতে বোর্ড অব গভর্নরস-এর অনুমোদন নিতে হবে, পরবর্তীতে তা একাডেমিক কাউন্সিল এবং সিন্ডিকেটকে অবহিত করতে হবে। এক্ষেত্রে পূর্বের তত্ত্বাবধায়ক ও প্রস্তাবিত তত্ত্বাবধায়কের লিখিত সম্মতি থাকা আবশ্যক।

১২। শিরোনাম পরিবর্তন:

কোন গবেষক তাঁর গবেষণার শিরোনাম পরিবর্তন করতে চাইলে, তাঁকে ইনস্টিটিউট থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণপূর্বক সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক, ইনস্টিটিউটের একাডেমিক কমিটি এবং বোর্ড অব স্টাডিজ-এর সুপারিশের ভিত্তিতে বোর্ড অব গভর্নরস এর অনুমোদন নিতে হবে।

১৩। গবেষণা অগ্রগতির রিপোর্ট:

এম.ফিল রেজিস্ট্রেশনের পর প্রতি ৬(ছয়) মাস অন্তর গবেষক তত্ত্বাবধায়কের মাধ্যমে তার গবেষণা কর্মের রিপোর্ট ইনস্টিটিউটের পরিচালক বরাবর প্রেরণ করবেন।

১৪। সেমিনার:

গবেষককে রেজিস্ট্রেশনের ৬(ছয়) মাসের মধ্যে তার গবেষণা বিষয়ে গবেষণা পদ্ধতি (Methodology)-এর উপর ০১ (এক)টি সেমিনার এবং থিসিস লেখার শেষ পর্যায়ে ফলাফল (Findings)-এর ০১(এক)টি সেমিনার ইনস্টিটিউটের একাডেমিক কমিটি, বোর্ড অব স্টাডিজ ও বিষয়টির উপর আগ্রহী নিমন্ত্রিত ব্যক্তিবর্গের সামনে উপস্থাপন করতে হবে। ইনস্টিটিউটের একাডেমিক কমিটির সভাপতি প্রতি সেমিনার অনুষ্ঠানের ১০(দশ) দিনের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে সেমিনার সংক্রান্ত রিপোর্ট পাঠাবেন।

১৫। এম.ফিল থিসিসের শর্ত:

(ক) এম.ফিল ডিগ্রির জন্য থিসিসটি বাংলা বা ইংরেজি ভাষায় লেখা হতে হবে।

(খ) থিসিসটি মৌলিক অনুসন্ধানমূলক হতে হবে এবং বিদ্যমান জ্ঞানের বিকাশের সুস্পষ্ট অবদান রাখতে হবে।

(গ) থিসিসটি অন্য কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য উপস্থাপন করা যাবে না।

১৬। যদি এই নীতিমালায় কোন বিষয় সম্পর্কে জটিলতা সৃষ্টি হয় তবে উপাচার্য মহোদয়ের ব্যাখ্যা বা সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

# ড.ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট
# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
# BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

## পিএইচ.ডি. প্রোগ্রাম

১। বিষয়সমূহ পিএইচ.ডি.:

বাংলা, ইংরেজি, ইতিহাস ও প্রত্নতত্ত্ব, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, গণযোগাযোগ ও সাংবাদিকতা, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ, লোকপ্রশাসন, পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান, ম্যানেজমেন্ট স্টাডিজ, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্, মার্কেটিং, ফাইন্যান্স এন্ড ব্যাংকিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, ভূগোল ও পরিবেশবিজ্ঞান এবং দুর্যোগ ব্যবস্থাপনা।

২। ভর্তির যোগ্যতা:

(ক) অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে বা সম্পর্কিত বিষয়ে এম.ফিল বা সমমান ডিগ্রি থাকতে হবে।

অথবা

(খ) স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ৫০% নম্বরসহ ২য় শ্রেণি বা সিজিপিএ ৩.০০(৪ এর মধ্যে) থাকতে হবে। যে কোন ডিগ্রি পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ৪ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা বা সরকারি প্রতিষ্ঠানে ৪ বছরের কাজের অভিজ্ঞতা ও পিয়ার রিভিউড জার্নালে কমপক্ষে দু'টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

(গ) শিক্ষার্থীদের শিক্ষা জীবনের কোন পর্যায়ে সিজিপিএ/জিপিএ ৩-এর নিচে বা তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।

(ঘ) যে কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সরাসরি আবেদন করতে পারবেন।

৩। ভর্তি প্রক্রিয়া:

জনতা ব্যাংক লিমিটেড, লালবাগ বাজার শাখায় ১,০০০/- টাকা জমা দিয়ে ড.ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট থেকে আবেদনপত্র সংগ্রহ করে তা প্রার্থী কর্তৃক যথাযথভাবে পূরণের পর উক্ত আবেদনপত্র ইনস্টিটিউটে জমা দিতে হবে। ভর্তির আবেদন ফরমের সাথে সকল পর্যায়ের পরীক্ষার সনদপত্র ও নম্বর পত্রের এক (০১) কপি করে সত্যায়িত অনুলিপি, দুই (০২) কপি পাসপোর্ট আকারের ছবি, আবেদন ফরম ক্রয়ের রশিদের ফটোকপি এবং দুই (০২) সেট গবেষণা প্রস্তাবনা জমা দিতে হবে। চাকুরিরত আবেদনকারীদের নিয়োগকর্তার/প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে ভর্তির আবেদন ফরম জমা দানের অনুমতিপত্র জমা দিতে হবে। গবেষণার শিরোনাম, প্রস্তাবিত তত্ত্বাবধায়ক (যদি থাকে) ও সহ-তত্ত্বাবধায়ক (যদি থাকে)-এর নাম, পদবী, মোবাইল নম্বর ও ই-মেইল ভর্তির আবেদন ফরমে উল্লেখ করতে হবে।

৪। মেয়াদ:

পিএইচ.ডি. প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ ৫ (পাঁচ) বছর। ৩ (তিন) বছর পর থিসিস জমা দেওয়া যাবে। রেজিস্ট্রেশনের সময় হতে ৫ (পাঁচ) বছরের মধ্যে থিসিস জমা না দিলে রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। তত্ত্বাবধায়ক ও ইনস্টিটিউট-এর একাডেমিক কমিটি এবং বোর্ড অব স্টাডিজ-এর সুপারিশের ভিত্তিতে বোর্ড অব গভর্নরস সর্বোচ্চ ১ বছর করে ৩(তিন) বছর রেজিস্ট্রেশনের মেয়াদ বাড়াতে পারবে। যা একাডেমিক কাউন্সিল এবং সিন্ডিকেটকে অবহিত করতে হবে।

খণ্ডকালীন গবেষকদের জন্যও একই নিয়ম প্রযোজ্য হবে।

৫। তত্ত্বীয় কোর্স ও পরীক্ষা:

পূর্ণকালীন ও খণ্ডকালীন পিএইচ.ডি. গবেষকদের জন্য কোর্স ওয়ার্ক বাধ্যতামূলক। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের জন্যও কোর্স ওয়ার্ক আবশ্যক। এম.ফিল বা সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে কোর্স ওয়ার্কের প্রয়োজন নেই।

৬। এম.ফিল থেকে পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তর:

কোন গবেষক তার এম.ফিল প্রোগ্রামকে পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তর করতে পারবেন যদি তার এম.ফিল প্রথম বর্ষের কোর্স ওয়ার্ক পরীক্ষায় জিপিএ ৩.৫ নম্বর এবং কোর্স চলাকালীন পিয়ার রিভিউড জার্নালে কমপক্ষে ২ (দুই) টি গবেষণা প্রবন্ধ থাকে। একই সঙ্গে গবেষণা তত্ত্বাবধায়ক এর সন্তোষজনক অগ্রগতির সুপারিশক্রমে রেজিস্ট্রেশনের মেয়াদকালের মধ্যে আবেদন করতে হবে। তবে উল্লেখ থাকে যে, গবেষককে পিএইচ.ডি. কোর্সে ভর্তির যোগ্যতার শর্তপূরণ করতে হবে এবং গবেষককে তত্ত্বাবধায়কের সুপারিশসহ পিএইচ.ডি. এর গবেষণা প্রস্তাবনা জমা দিতে হবে এবং এর উপর একটি সেমিনার দিতে হবে। পিএইচ.ডি.-তে স্থানান্তর ইনস্টিটিউটের একাডেমিক কমিটি ও বোর্ড অব স্টাডিজের সুপারিশক্রমে বোর্ড অব গভর্নরস অনুমোদন দিবে এবং যা একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটকে অবহিত করতে হবে।

৭। ছুটি:

পূর্ণকালীন পিএইচ.ডি.-এর ক্ষেত্রে চাকুরিরত গবেষককে (প্রযোজ্য ক্ষেত্রে) নিয়োগকর্তার নিকট থেকে কমপক্ষে ১(এক) বছরের শিক্ষা ছুটি বা ডেপুটেশন নিয়ে পিএইচ.ডি. প্রোগ্রামে যোগদান করতে হবে। চাকুরিরত খণ্ডকালীন গবেষকদের ছুটি নেয়া আবশ্যক নয়, তবে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে অনুমতি নিয়ে পিএইচ.ডি. প্রোগ্রামে যোগদান করতে হবে। চাকুরিরত গবেষকদের ছুটি রেয়াতের বিষয়ে কোন কোন ক্ষেত্রে উপাচার্য মহোদয় বিশেষ বিবেচনা করতে পারবেন। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দের জন্য শিক্ষা ছুটি/ডেপুটেশন বাধ্যতামূলক নয়।

৮। তত্ত্বাবধায়ক সংক্রান্ত নিয়মাবলী:

এ বিশ্ববিদ্যালয়ের কিংবা অন্য সরকারী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকদের মধ্যে সহযোগী অধ্যাপক (পিএইচ.ডি. ডিগ্রিধারী) ও অধ্যাপক পদমর্যাদার শিক্ষকদের তত্ত্বাবধায়ক বা সহ-তত্ত্বাবধায়ক হিসেবে নির্বাচন করা যাবে। তবে ইনস্টিটিউটের একাডেমিক কমিটির এবং বোর্ড অব স্টাডিজ এর সুপারিশের ভিতিত্তে বোর্ড অব গভর্নরস এ ব্যাপারে পদক্ষেপ নিবে। যা একাডেমিক কাউন্সিলকে অবহিত এবং সিন্ডিকেট সভায় অনুমোদিত হতে হবে।

৯। সেমিনার:

গবেষককে রেজিস্ট্রেশনের ৬(ছয়) মাসের মধ্যে তাঁর গবেষণা বিষয়ে গবেষণা পদ্ধতি (Methodology)-এর উপর ০১ (এক)টি সেমিনার এবং থিসিস লেখার শেষ পর্যায়ে ফলাফল (Findings)-এর ০১(এক)টি সেমিনার ইনস্টিটিউটের একাডেমিক কমিটি এবং বিষয়টির উপর আগ্রহী নিমন্ত্রিত ব্যক্তিবর্গের সামনে উপস্থাপন করতে হবে। ইনস্টিটিউটের একাডেমিক কমিটির চেয়ারম্যান প্রতি সেমিনার অনুষ্ঠানের ১০(দশ) দিনের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে সেমিনার সংক্রান্ত রিপোর্ট পাঠাবেন।

১০। পিএইচ.ডি. থিসিসের শর্ত:

(ক) পিএইচ.ডি. ডিগ্রির জন্য থিসিসটি বাংলা বা ইংরেজি ভাষায় লেখা হতে হবে।

(খ) থিসিসটি মৌলিক অনুসন্ধানমূলক হতে হবে এবং বিদ্যমান জ্ঞানের বিকাশের সুস্পষ্ট অবদান রাখতে হবে।

(গ) থিসিসটি অন্য কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য উপস্থাপন করা যাবে না।

১১। যদি এই নীতিমালার কোন বিষয় সম্পর্কে জটিলতা সৃষ্টি হয় তবে উপাচার্য মহোদয়ের ব্যাখ্যা বা সিদ্ধান্ত বলে গণ্য হবে।

ভোরের পাতা | ২৯ এপ্রিল ২০১৯, ১৬ বৈশাখ ১৪২৬ | ৫

# ড. ওয়াজেদ রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইন্সটিটিউট
## বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
## BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

স্মারক নং-বেরোবি/ও.রি.ট্রে.ই/এম.ফিল ও পি-এইচ.ডি/২০১৯/৩০৯তারিখ: ২৫/০৪/২০১৯ খ্রি.

## এম.ফিল ও পি-এইচ. ডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর ড. ওয়াজেদ রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইন্সটিটিউটের অধীনে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ২ বছর মেয়াদি এম. ফিল ও ৩ বছর মেয়াদি পি-এইচ. ডি প্রোগ্রামে নিম্নবর্ণিত বিষয়সমূহে পূর্ণকালীন/খণ্ডকালীন গবেষক হিসেবে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**বিষয়সমূহ (এম. ফিল)** : বাংলা, ইংরেজি, ইতিহাস ও প্রত্নতত্ত্ব, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, গণযোগাযোগ ও সাংবাদিকতা, উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ, লোকপ্রশাসন, পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান, ম্যানেজমেন্ট স্টাডিজ, অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস, মার্কেটিং, ফাইন্যান্স অ্যান্ড ব্যাংকিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং, ভূগোল ও পরিবেশবিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা।

**বিষয়সমূহ (পি-এইচ.ডি)** : বাংলা, ইংরেজি, ইতিহাস ও প্রত্নতত্ত্ব, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, গণযোগাযোগ ও সাংবাদিকতা, উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ, লোকপ্রশাসন, পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান, ম্যানেজমেন্ট স্টাডিজ, অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস, মার্কেটিং, ফাইন্যান্স অ্যান্ড ব্যাংকিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং, ভূগোল ও পরিবেশবিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা।

**১. এম. ফিল প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী :**

(ক)অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী থাকতে হবে।

(খ) স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ৫০% নম্বরসহ দ্বিতীয় শ্রেণি/ সিজিপিএ ৩.০০ (৪ এর মধ্যে) থাকতে হবে।

(গ) এমবিবিএস এবং বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী পর্যায়ে ন্যূনতম ৫০% নম্বর অথবা সিজিপিএ ৩.০০ (৪ এর মধ্যে) থাকতে হবে।

(ঘ) শিক্ষার্থীর শিক্ষাজীবনের কোন পর্যায়ে সিজিপিএ/ জিপিএ ৩-এর নিচে বা তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।

**২. পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী :**

(ক) অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় থেকে এম. ফিল ডিগ্রী থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ৫০% নম্বরসহ দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ৩.০০ (৪ এর মধ্যে) থাকতে হবে এবং যে কোন ডিগ্রী পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানে কমপক্ষে ৪ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা বা সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে ৪ বছরের কাজের অভিজ্ঞতা ও পিয়ার রিভিউড জার্নালে কমপক্ষে দুটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

(খ) শিক্ষার্থীর শিক্ষাজীবনের কোন পর্যায়ে সিজিপিএ/জিপিএ ৩-এর নিচে বা তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়।

(গ) যে কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সরাসরি আবেদন করতে পারবেন।

১ ও ২-এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণকে জনতা ব্যাংক, লালবাগ বাজার শাখা, রংপুর-এ থেকে এম. ফিল/পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির আবেদন ফরম ১,০০০/-(এক হাজার) টাকা নগদ জমা দিয়ে ড. ওয়াজেদ রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইন্সটিটিউট থেকে আবেদন ফরম সংগ্রহ করতে হবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ২৫/০৪/২০১৯ থেকে ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়ে) ইন্সটিটিউটের পরিচালকের দপ্তরে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে অবশ্যই সকল পর্যায়ের পরীক্ষার সনদপত্র এবং নম্বরপত্রের ০১ (এক) কপি করে সত্যায়িত অনুলিপি, ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবি, আবেদন ফরম ক্রয় রসিদের ০১ (এক) কপি অনুলিপি ও ০২ (দুই) সেট গবেষণা প্রস্তাবনা জমা দিতে হবে। অন্যান্য যোগ্যতা বা প্রকাশনা থাকলে তার অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করা যেতে পারে। কোন আবেদনকারী শিক্ষা/গবেষণা/সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে চাকুরির স্থায়িত্বকাল উল্লেখ করতে হবে। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানপ্রধানের/নিয়োগ কর্মকর্তার অনুমতিপত্রসহ আবেদন করতে হবে।

একজন প্রার্থী এম.ফিল এবং পি-এইচ. ডি প্রোগ্রামের যে কোন একটিতে ভর্তির আবেদন করতে পারবেন। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য, চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রযোজ্য ক্ষেত্রে কমপক্ষে ০১ (এক) বছরের শিক্ষাছুটি/ডেপুটেশন নিতে হবে। পি-এইচ.ডি-এর ক্ষেত্রে এম. ফিল ডিগ্রীধারীদের কোর্স ওয়ার্ক এবং শিক্ষাছুটি বাধ্যতামূলক নয়। ভর্তি-সংক্রান্ত অন্যান্য নিয়মাবলী ইন্সটিটিউট-এর অফিস থেকে জানা যাবে।

**পরিচালক**
ড. ওয়াজেদ রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইন্সটিটিউট
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
ওয়েবসাইট: www.brur.ac.bd